গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সদর, লক্ষ্মীপুর।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.৫১৪৩.০০০.১৬.০০৩.২৬.**৫৮** তারিখ-০৫/০২/২০২৬খ্রিঃ

**বিষয়ঃ খাদ্য বান্ধব কর্মসূচির উপকারভোগীর সংখ্যা বর্ধিত করণ ও বিদ্যমান উপকারভোগীর তালিকা হালনাগাদ করণ প্রসংগে।**

সূত্র: ০১। খাদ্য মন্ত্রনালয়, সরবরাহ-১ শাখা, ঢাকার স্মারক নং ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.১৭.১০ তাং ১৪/০১/২০২৬খ্রি:
০২। জেলা খাদ্য নিয়ন্ত্রক লক্ষ্মীপুর, কার্যালয়ের ১৩.০৩.৫১০০.০০০.০০০.৩১.০০০২.২২.৩ তাং ১৯/০১/২০২৬খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় লক্ষ্মীপুর জেলার সদর উপজেলায় নতুন করে ৩০০ জন উপকারভোগী অন্তর্ভুক্তির নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে ইউনিয়নওয়ারী নিম্মোক্ত বিভাজন অনুযায়ী নতুন ভোক্তা অন্তর্ভুক্তির জন্য খাদ্য বান্ধব কর্মসূচীর নীতিমালা-২০২৪ অনুসারে উপকার ভোগী যাচাই, বাছাই পূর্বক তালিকা প্রনয়ন করে এবং বিদ্যমান তালিকা হালনাগাদ করে আলাদা আলাদা ভাবে তালিকা(নিকস ফ্রন্ট মাইক্রো সফট এক্সেলে) সফট কপি ও হার্ড কপি নির্ধারিত **১৯ কলামে "ছক"** মোতাবেক আগামী ১৬/০১/২০২৬খ্রি: তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, খাদ্য বান্ধব নীতিমালা-২০২৪ অনুযায়ী উপকারভোগী পরিবার/ভোক্তার তালিকা প্রণয়ন কালে নিম্মোক্ত বিষয় গুলো গুরুত্ব সহকারে অনুসরণ/বিবেচনা করতে হবে।

০১। নির্বাচিত পরিবারকে ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।
০২। **যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে:** গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার, নিম্ন আয়ের মানুষ, ভূমিহীন, কৃষি শ্রমিক দিন মজুর উপার্জনে অক্ষম ব্যক্তি।
০৩। বিধবা/তালাক প্রাপ্তা/স্বামী পরিত্যাক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার এবং যেসব দু:স্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধী রয়েছে তারা অগ্রাধিকার পাবে।
০৪। **যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবেনা:** একই পরিবারে একাধিক ব্যক্তিকে তালিকাভুক্ত করা যাবেনা। ভিডব্লিউবি কর্মসূচীর সুবিধা প্রাপ্তদেরকে তালিকায় অন্তর্ভুক্ত করা যাবেনা।

ইউনিয়ন কমিটি কর্তৃক প্রনীত তালিকা উপজেলা কমিটি কর্তৃক যাচাই বাছাই শেষে খাদ্য মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে।

| ক্র: নং | ইউনিয়নের নাম | নতুন উপকার ভোগীর | মন্তব্য |
|---|---|---|---|
| | ১ নং উত্তর হামছাদী | ১৪ জন ভোক্তা | |
| ০২ | ২নংদক্ষিন হামছাদি | ১৪ জন ভোক্তা | |
| ০৩ | ৩ নং দালাল বাজার | ১৫ জন ভোক্তা | |
| ০৪ | ৪ নং চররুহিতা | ১৪ জন ভোক্তা | |
| ০৫ | ৫ নং পাবর্তী নগর | ১৫ জন ভোক্তা | |
| ০৬ | ৬ নং বাংগার্খা | ১৪ জন ভোক্তা | |
| ০৭ | ৭ নং বশিকপুর | ১৪ জন ভোক্তা | |
| ০৮ | ৮ নং দত্তপাড়া | ১৫ জন ভোক্তা | |
| ০৯ | ৯ নং উত্তর জয়পুর | ১৪ জন ভোক্তা | |
| ১০ | ১০ নং চন্দ্রগঞ্জ | ১৪ জন ভোক্তা | |
| ১১ | ১১ নং হাজির পাড়া | ১৪ জন ভোক্তা | |

| ক্র:নং | ইউনিয়নের নাম | নতুন উপকার ভোগীর | মন্তব্য |
|---|---|---|---|
| ১২ | ১২ নং চরশাহী | ১৪ জন ভোক্তা | |
| ১৩ | ১৩ নং দিঘলী | ১৫ জন ভোক্তা | |
| ১৪ | ১৪ নং মান্দারী | ১৪ জন ভোক্তা | |
| ১৫ | ১৫ নং লাহারকান্দি | ১৪ জন ভোক্তা | |
| ১৬ | ১৬ নং শাকচর | ১৫ জন ভোক্তা | |
| ১৭ | ১৭ নং ভবানীগঞ্জ | ১৪ জন ভোক্তা | |
| ১৮ | ১৮ নং কুশাখালী | ১৪ জন ভোক্তা | |
| ১৯ | ১৯ নং তেওয়ারীগঞ্জ | ১৪ জন ভোক্তা | |
| ২০ | ২০নং চররমণী মোহন | ১৪ জন ভোক্তা | |
| ২১ | ২১ নং টুমচর | ১৫ জন ভোক্তা | |

সংযুক্ত : ০১। খাদ্য বান্ধব ইউনিয়ন কমিটি।
০২। নির্ধারিত ১৯ কলামের ছক।

প্রাপক : ০১। চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান(সকল)ইউনিয়ন পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
০২। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা.................................ইউনিয়ন পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

(মোহাম্মদ মহসীন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সদর,লক্ষ্মীপুর।
ucfsadarl@gmail.com

স্মারক নং-১৩.০১.৫১৪৩.০০০.১৬.০০৩.২৬.**৫৮/১(৩)** তারিখ-০৫/০২/২০২৬খ্রিঃ
অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১. উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, লক্ষ্মীপুর।
৩. অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সদর লক্ষ্মীপুর।

# খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪

## ১। ভূমিকা:

২০০৬ খ্রি. সনে প্রণীত জাতীয় খাদ্যনীতিতে সকল সময়ে দেশের সকল মানুষের জন্য নির্ভরযোগ্য খাদ্য নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার কথা বলা হয়েছে; টেকসই উন্নয়ন অভীষ্টে (এসডিজি) 'নো পোভারটি (No poverty)' ও 'জিরো হাঙ্গার (Zero Hunger) অর্জনের প্রত্যয় ঘোষিত হয়েছে এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দারিদ্র্য দূরীকরণের অভিপ্রায় ব্যক্ত করা হয়েছে। এ লক্ষ্য, প্রত্যয় ও অভিপ্রায় অর্জনের জন্য এবং পল্লি অঞ্চলের দরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা প্রদান ও পুষ্টি নিশ্চিত করার উদ্দেশ্যে সরকারি বিতরণ ব্যবস্থায় খাদ্যবান্ধব কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্র জনগোষ্ঠীকে ভর্তুকী মূল্যে খাদ্যশস্য বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে ডিজিটাল পদ্ধতিতে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) এর মাধ্যমে উপকারভোগী বাছাই করে উপকারভোগীদের একটি ডাটাবেজ তৈরি করা হয়েছে। এই ডাটাবেজ প্রয়োজনে নিয়মিত হালনাগাদের ব্যবস্থা করা হয়েছে। ২০০৬ সালে প্রণীত 'ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্রদের জন্য সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে 'খাদ্যশস্য বিতরণ নীতিমালা ২০১৬' সংশোধন/পরিবর্তনপূর্বক জারিকৃত 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০১৭' সংশোধন/পরিবর্তন করে কার্যক্রম আরও সুসংহত এবং সময়োপযোগী করার জন্য 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা, ২০২৪' প্রণয়ন করা হলো।

## ২। কমিটি:

ক. ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি:

| | |
|---|---|
| (১) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক | সভাপতি |
| (২) ইউনিয়ন পরিষদের সকল সদস্য | সদস্য |
| (৩) ইউএনও কর্তৃক মনোনীত ২ (দুই) জন গণ্যমান্য ব্যাক্তি | সদস্য |
| (৪) প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ | সদস্য-সচিব |

### কার্যপরিধি:

(১) ওয়ার্ড ভিত্তিক দারিদ্র্যের প্রকোপ, দুঃস্থতা ইত্যাদি বিবেচনায় উপকারভোগী পরিবার নির্বাচন এবং অনুমোদনের জন্য উপজেলা কমিটির নিকট উপস্থাপন;
(২) খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিবীক্ষণ;
(৩) ইউনিয়ন ডিজিটাল সেন্টারে (UDC) তালিকা প্রকাশ;
(৪) বিবিধ

| উপজেলার নাম | | | তথ্য হালনাগাদের তারিখ | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উপকারভোগীর নাম (বাংলা) (NID সাথে মিল থাকতে হবে) | পিতার নাম | জন্ম তারিখ (NID সাথে মিল থাকতে হবে) | পেশা | গ্রামের নাম | ওয়ার্ড নং | ইউনিয়নের নাম | জাতীয় পরিচয় পত্র নম্বর | মোবাইল নং (নিজ নামে) | স্বামী/স্ত্রীর নাম (NID সাথে মিল থাকতে হবে) | স্বামী/স্ত্রী জাতীয় পরিচয় নম্বর | স্বামী/স্ত্রী জন্ম তারিখ (NID সাথে মিল থাকতে হবে) | রেজিস্টার্ড ডিলারের নাম (NID সাথে মিল থাকতে হবে) | রেজিস্টার্ড ডিলারের এনআইডি নম্বর | রেজিস্টার্ড ডিলারের মোবাইল নং | উপকারভোগীর নাম (ইংরেজি) (NID সাথে মিল থাকতে হবে) | লিঙ্গ | ধর্ম |
| | | | | | | | | | | | | | | | | | |